## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**Graphic Design Work**



Flex ,Poster ,Card ,Cartoon ,
Logo ,Newspaper ,Book ,
Magazine & other.
9836753622





HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 1 APRIL 2026 ,WEDNESDAY | ১ এপ্রিল ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-120


# ভোটার তালিকা থেকে বৈধ নাগরিকদের নাম বাদ , প্রতিবাদে শিলিগুড়িতে অবস্থান বিক্ষোভ তৃণমূলের




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৩১ মার্চ :** বাংলার বহু বৈধ নাগরিকদের নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হচ্ছে,কেড়ে নেওয়া হচ্ছে ভোটাধিকার, এই অভিযোগ তুলে মঙ্গলবার শিলিগুড়ির হাসমি চকে দিনভর অবস্থান বিক্ষোভ কর্মসূচি পালন করলো তৃণমূল কংগ্রেস। তৃণমূলের অভিযোগ বিজেপির চক্রান্তে নির্বাচন কমিশন একের পর এক বাংলার বৈধ নগরিকদের নাম ভোটার তালিকা থেকে বাদ দিচ্ছে। এটা একটা পরিকল্পিত চক্রান্ত বলে মনে করছে তৃণমূল।নির্বাচন কমিশনকে ব্যবহার করে এভাবে ভোটার তালিকা থেকে নাম বাদ দিয়ে সাধারন। মানুষের গনতান্ত্রিক অধিকারকে খর্ব করা হচ্ছে বলে এই মঞ্চ থেকে প্রতিবাদ জানানো হয়। উপিস্থিত ছিলেন শিলিগুড়ি পৌর নিগমের মেয়র তথা বিধানসভা নির্বাচনে শিলিগুড়ি কেন্দ্রের তৃণমূল প্রার্থী গৌতম দেব, ডেপুটি মেয়র রঞ্জন সরকার, পৌর নিগমের কাউন্সিলরগন সহ তৃণমূল নেতৃত্ব।

# নির্বাচনী তালিকা থেকে নাম বাদ ,টায়ার জ্বালিয়ে পথ অবরোধ বাসিন্দাদের



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩১ মার্চ :** আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম ব্লকের খোয়াড়ডাঙ্গা এক নম্বর গ্রাম পঞ্চায়েতের একশো উনত্রিশ ও একশো ত্রিশ নম্বর বুথের বেশ কিছু মানুষের নাম বাদ গিয়েছে নির্বাচনী তালিকা থেকে।জানা গেছে এস আই আর প্রক্রিয়া সম্পন্ন হবার পর যে সাপ্লিমেন্টারী তালিকা প্রকাশ পেয়েছে সেই তালিকায় নাম বাদ গিয়েছে এই দুটি বুথের বেশ কিছু মানুষের। মঙ্গলবার এর প্রতিবাদে খোয়াড়ডাঙ্গা মারাখাতা রাজ্য সড়কে টায়ার জ্বালিয়ে পথ অবরোধ করে বিক্ষোভ দেখান স্থানীয়রা। তাদের দাবি দ্রুত তাদের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করে ভোট দেবার সুযোগ করে দিক প্রশাসন। কারন হিসাবে তারা জানান এই পরিস্থিতিতে তারা কোথায় গেলে সুরাহা পাবেন তার নিশ্চয়তা নেই। বিডিও অফিসে গেলে বলা হচ্ছে জেলাশাসকের কার্যালয়ে যেতে, সেখানে গিয়েও তারা সদুত্তর পাচ্ছেননা। তারা সাধারন মানুষ, ঘটিবাটি বিক্রি করে কি তারা এই জন্যে ছুটাছুটি করবেন, এর জবাব কে দেবে, এই প্রশ্ন তারা রাখেন প্রশাসনের কাছে। পথ অবরোধ এর খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। তাদের আস্বাসে অবরোধ তুলে নেন বিক্ষুব্ধরা।

# আলিপুরদুয়ারে আদালত কর্মচারীদের বিক্ষোভ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩১ মার্চ :** পশ্চিমবঙ্গ আদালত কর্মচারী সমিতির উদ্যোগে আলিপুরদুয়ারে এক বিক্ষোভ কর্মসূচি পালিত হয়েছে। সংগঠনের পক্ষ থেকে বিভিন্ন দাবি-দাওয়া তুলে ধরে এদিন কর্মচারীরা প্রতিবাদে সামিল হন।জানা গেছে, দীর্ঘদিন ধরে একাধিক প্রশাসনিক সমস্যার সমাধান না হওয়ায় ক্ষোভ জমে উঠেছিল আদালত কর্মচারীদের মধ্যে। সেই কারণেই এদিন সংগঠনের ডাকে আলিপুরদুয়ার আদালত চত্বরে জড়ো হয়ে বিক্ষোভ দেখান তারা। বিক্ষোভকারীরা তাদের ন্যায্য দাবিগুলির মধ্যে বেতন কাঠামোর সংশোধন, কর্মস্থলের পরিকাঠামোর উন্নতি এবং শূন্যপদে নিয়োগের দাবি তুলে ধরেন।প্রতিবাদকারীরা জানান, বহুবার প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হলেও সমস্যার সমাধান হয়নি। তাই বাধ্য হয়েই তারা আন্দোলনের পথ বেছে নিয়েছেন। এদিন বিক্ষোভ কর্মসূচিতে উল্লেখযোগ্য সংখ্যক কর্মচারী উপস্থিত ছিলেন এবং তারা একযোগে স্লোগান তুলে নিজেদের দাবির পক্ষে সোচ্চার হন।সংগঠনের নেতৃবৃন্দ হুঁশিয়ারি দিয়ে জানান, দ্রুত দাবি না মানা হলে আগামী দিনে আরও বৃহত্তর আন্দোলনের পথে হাঁটতে বাধ্য হবেন তারা।

# আলিপুরদুয়ার বিবেকানন্দ কলেজ সংলগ্ন এলাকায় অবরোধ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩১ মার্চ :** আলিপুরদুয়ার জেলার বিবেকানন্দ কলেজ সংলগ্ন রাজ্য সড়কে উত্তেজনা ছড়াল স্থানীয় বাসিন্দাদের বিক্ষোভে। অভিযোগ, এস আই আর প্রক্রিয়ায় একাধিক ভোটারের নাম তালিকা থেকে বাদ পড়েছে। এর প্রতিবাদে এদিন রাস্তায় নেমে পথ অবরোধ করেন ক্ষুব্ধ মানুষজন।স্থানীয়দের দাবি, দীর্ঘদিন ধরে তারা ওই এলাকায় বসবাস করলেও হঠাৎ করেই ভোটার তালিকা থেকে নাম বাদ দেওয়া হয়েছে, যা গণতান্ত্রিক অধিকারের পরিপন্থী। দ্রুত নাম পুনর্বহালের আশ্বাস না পেলে আসন্ন বিধানসভা নির্বাচনে ভোট বয়কটের হুঁশিয়ারিও দেন বিক্ষোভকারীরা।ঘণ্টার পর ঘণ্টা অবরোধের জেরে রাজ্য সড়কে যান চলাচল ব্যাহত হয়। ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ বাহিনী এবং প্রশাসনের আধিকারিকরা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা চালানো হয় এবং বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলে সমস্যার সমাধানের আশ্বাস দেওয়া হয়।যদিও বিক্ষোভকারীরা স্পষ্ট জানিয়েছেন, লিখিতভাবে নিশ্চয়তা না পাওয়া পর্যন্ত তারা আন্দোলন চালিয়ে যাবেন। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে এবং রাজনৈতিক মহলেও শুরু হয়েছে চাপানউতোর।

# উদ্ধার দুশো চার গ্রাম ব্রাউন সুগার, গ্রেপ্তার দুই




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,৩১ মার্চ :** মালদহ জেলা পুলিশের বৈষ্ণবনগর থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে থানার অন্তর্গত কৃষ্ণপুর মাঠ এলাকায় অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক দুই ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় দূশো চার গ্রাম ব্রাউন সুগার। গ্রেপ্তার করা হয় আটক দুই ব্যক্তিকে। পুলিশ সূত্রে জানা গেছে ধৃতরা হলো আইমত শেখ ওরফে মুন্না (২৫),পিতা তারজেন শেখ ও আস্তাক শেখ(২১) পিতা লুট্টু শেখ। দুজনেই বৈষ্ণবনগর থানার দরিয়াপুর ভাদুটোলার বাসিন্দা। সমস্ত প্রক্রিয়া এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে মঙ্গলবার তাদের আদালতে পেশ করা হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

# বুকিং করেও সময়মতো গ্যাস সিলিন্ডার না পেয়ে পথ অবরোধ গ্রাহকদের




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,৩১ মার্চ :** গ্যাস বুকিং করেও সময়মতো গ্যাস সিলিন্ডার ডেলিভারি পাচ্ছেননা গ্রাহকরা এর প্রতিবাদে ক্ষোভে ফেটে পড়েন গ্রাহকরা। তাদের অভিযোগ গ্যাস কোম্পানির ডিস্ট্রিবিউটর এর অফিসে ফোন করলে তারা ফোন ধরেননা,অফিসে গিয়ে কথা বললেও কোনো সন্তোষজনক উত্তর পাওয়া যায়না। এই পরিস্থিতির বিরুদ্ধে প্রতিবাদ জানাতে মঙ্গলবার মালদহ শহরের মনস্কামনা রোডে গ্যাস সংস্থার ডিস্ট্রিবিউটরের কার্যালয়ের সামনে রাস্তায় খালি গ্যাস সিলিন্ডার রেখে পথ অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করেন ক্ষুব্বধ গ্রাহকরা। অভিযোগ দীর্ঘদিন ধরেই এই পরিস্থিতির শিকার গ্রাহকরা।ডিস্ট্রিবিউটর সময়মতো সিলিন্ডার সরবরাহ না করায় চরম দুর্ভোগের শিকার হচ্ছেন গ্রাহকরা। এর আগেও এই ডিস্ট্রিবিউটরের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করেন গ্রাহকরা। বিষয়টি নিয়ে ডিস্ট্রিবিউটির সংস্থার কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

# ভোটার তালিকায় বাদ গিয়েছে নাম ,টায়ার জ্বালিয়ে পথ অবরোধ করে ক্ষোভ এলাকাবাসীর



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৩১ মার্চ :** ভোটার তালিকা থেকে বাদ গিয়েছে নাম, টায়ার জ্বালিয়ে পথ অবরোধ করে ক্ষোভ এলাকাবাসীর। শিলিগুড়ি মহকুমার ফাঁসিদেওয়া বিধানসভা এলাকার বুদারুগাঁও এর দুশো ঊনিশ নম্বর বুথে ভোটার তালিকা থেকে নাম বাদ গিয়েছে প্রচুর সংখ্যক মানুষের। নাম বাদ যাওয়ার অভিযোগে মঙ্গলবার উত্তাল হয়ে ওঠে এলাকা। ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়ার প্রতিবাদে রাজ্য সড়কে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ প্রদর্শন করেন ক্ষুব্ধ এলাকাবাসী। অভিযোগ যথাযথ কারন ছাড়াই তাদের নাম বাদ দেওয়া হয়েছে। কেড়ে নেওয়া হয়েছে তাদের ভোটাধিকার। তাদের দাবি দ্রুত সমস্যার সমাধান করে পুনরায় তাদের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করুক প্রশাসন। বিষয়টি নিয়ে কোনো প্রশাসনিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |